দৈনিক ইত্তেফাক

তারিখ 25 AUG 1994
পৃষ্ঠা ৩ কলাম ৫

55

# রাজশাহী শহরে ৪৭টি প্রাইমারী স্কুলে স্থানাভাব ॥ শিক্ষক স্বল্পতা

রাজশাহী সংবাদদাতা ॥ রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ৪৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতার কারণে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীকে ঠিকমত চালু করা সম্ভব হইতেছে না। বিদ্যালয়গুলিতে ছাত্রসংখ্যা ২৫ হাজার ২৬৭ জন। ৫০ জন ছাত্রছাত্রী পিছু ১ জন শিক্ষক থাকায় সরকারী নিয়মের অনুপাতে এই এলাকায় ৫০৫ জন শিক্ষক-শিক্ষিকা প্রয়োজন। কিন্তু বর্তমানে ৪৭টি বিদ্যালয়ে রহিয়াছেন মাত্র ৩২০ জন। অর্থাৎ আনুপাতিক হারে ৭০ জন ছাত্রছাত্রী পিছু ১ জন শিক্ষক কাজ করিতেছেন। অপর দিকে রাজশাহী মহানগরীতে এখনও ১৭টি সরকারী প্রাথমিক

(৪র্থ পৃঃ দ্রঃ)

## রাজশাহী শহরে

(৩য় পৃঃ পর)

বিদ্যালয় পাকা করা হয় নাই। যে সব বিদ্যালয় পাকা করা হইয়াছে তাহার কোন কোনটিতে স্থান সংকুলান হইতেছে না। ডাকামারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী সংখ্যা দেড় হাজার। নওদাপাড়া ছাত্র-ছাত্রীর সংখ্যা এক হাজার। ফ্যাসিলিটিজ বিভাগ এই দুইটি বিদ্যালয়ের গৃহ পাকা করিলেও ছাত্র-ছাত্রীরা প্রয়োজনীয় ঠাঁই পায় না। মহানগরীতে এরকম সংকটাপন্ন বিদ্যালয়ের সংখ্যা ১৪টি। এই শহরে ৪৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ১৪টি রেজিষ্ট্রেশন পাওয়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ২৫টি উচ্চ বিদ্যালয়ের সাথে যুক্ত প্রাথমিক বিদ্যালয়, ১০০টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসা এবং ৩০টি কিণ্ডারগার্টেনে ৪০ হাজার ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। ৬ লাখ অধিবাসী অধ্যুষিত এই মহানগরীতে আরও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন এবং বর্তমানগুলির সংস্কার করা প্রয়োজন।